**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**31 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে দেশে স্থানীয় সামগ্রীর ব্যবহারে উৎসাহ যোগাতে ভোকেল ফর লোকেল ,আত্মনির্ভর ভারত এবং বিকশিত ভারতের মন্ত্রে এগিয়ে চলা উচিত । আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানে শ্রী মোদী আজ বলেন যে উৎসবের আবহাওয়ায় দেশবাসীর স্বদেশী সামগ্রীর কথা ভুলে যাওয়া উচিত হবে না । জীবনের সঙ্গে জড়িত সব সামগ্রী স্বদেশী হতে হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । তিনি উৎসবের আনন্দের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার প্রতিও গুরুত্ব দিতে জনসাধারণকে আহ্বান জানান ।
এবার বর্ষাকালে প্রাকৃতিক বিপর্যয় যেন দেশের পরীক্ষা নিচ্ছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে বিগত কয়েক সপ্তাহে দেশের বিভিন্ন অংশে ব্যাপক বন্যা ও ভূমিধ্বস হয়েছে । এই ঘটনাগুলি দেশের প্রত্যেক লোককে ব্যথিত করেছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী এধরণের ঘটনায় আপনজন হারানো লোকেদের পরিবারকে সমবেদনা জ্ঞাপন করেন ।
কেন্দ্রীয় লোকসেবা আয়োগের বিভিন্ন পরীক্ষার সকল পর্যায় সফলতার সঙ্গে পার করা , কিন্তু চূড়ান্ত মেধা তালিকায় স্থান না পাওয়া প্রার্থীদের তথ্য মজুত করা প্রতিভা সেতু ডিজিটাল মঞ্চের বিষয়ে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে এই পোর্টেলের মাধ্যমে ব্যাক্তিগত কোম্পানীসমূহ এই প্রতিভাবান শিক্ষার্থীদের তথ্য আহরণ করতে করতে পারবে এবং তাঁদের নিয়োগ করতে পারবে । এই পোর্টেলের মাধ্যমে শতাধিক প্রার্থী কর্মসংস্থানের সুযোগ লাভ করেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।
দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামের বিভিন্ন স্থানে প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠান সম্মিলিতভাবে শ্রবণ করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ গৌহাটীর গণেশপারা বাথৌ মন্দির প্রেক্ষাগৃহে মন কী বাত শুনেন । ড.শর্মা বলেন যে এই অনুষ্ঠান সরকার এবং

জনসাধারণের মধ্যে সংযোগ স্থাপন করে সমাজে রূপান্তরমুখী কাহিনীর প্রচারের মাধ্যমে সকলকে অনুপ্রাণিত করছে ।
বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন স্থানেও বুথ পর্যায়ে আজ  প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠান সম্মিলিতভাবে শোনা হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ১২৫তম মন কি বাত অনুষ্ঠান আজ শ্রীভূমি জেলার শ্রীগৌরী মন্ডলের ১২৬ নম্বর বুথে সরাসরি সম্প্রচার করা হয় । এ অনুষ্ঠানে বিজেপির শ্রীভূমি জেলার প্রাক্তন সভাপতি সুব্রত ভট্টাচার্য্য , বুথ সভাপতি মোহম্মদ নাজিম উদ্দিন , যুব মোর্চার মন্ডল সাধারন সম্পাদক শান্তনু শেখর ধর সহ দলীয় কর্মীরা উপস্থিত ছিলেন ।

এদিকে কাছাড় ও হাইলাকান্দি জেলায়ও অনুরূপভাবে বুথ পর্যায়ে মন কি বাত শোনার ব্যবস্থা করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ শিলচর রাঙ্গিরখাড়ী পয়েন্টে  নেতাজী সুভাষ চন্দ্র বসুর নবনির্মীত মূর্তি উন্মোচন করে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ , মন্ত্রী কৌশিক রাই ,  কৃষ্ণেন্দু পাল , শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , কৃপানাথ মালহা , বিধায়ক দীপায়ন চক্রবর্তী সব বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । এ উপলক্ষে আজ বিভিন্ন ভাষাগোষ্ঠির সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশিত হয় । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীকে গার্ড অব অনার দেওয়া হয় ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জনসাধারণের উদ্দেশ্যে ভাষণ দেন ।পরে তিনি সাংবাদিকদের জানান যে নেতাজী সুভাষ চন্দ্র বসুর সঙ্গে শিলচরের নিবিড় সম্পর্ক রয়েছে ।**তিনি বলেন -----বাইট**
শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ী পর্যন্ত ৭০০ কোটি টাকা ব্যয়ে ফ্লাইওভার নির্মাণের জন্য আগামী ডিরেম্বর মাসে শিলান্যাস করা হবে বলে তিনি জানান ।কাছাড় জেলার উধারবন্দ এবং লক্ষীপুরের ১৯ টি গ্রাম ডিমা হাসাও জেলার সঙ্গে সংযুক্ত করার জন্য শুধুমাত্র মূল্যায়ন করা হয়েছে । বরাক উপত্যকার জনসাধারণের মতামত নেওয়ার পর সিদ্ধান্ত  গ্রহণ করা হবে বলে তিনি জানান ।এদিকে নেতাজীর নবনির্মীত মূর্তি উন্মোচনকে কেন্দ্র করে আজ জনসাধারণের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে ।নেতাজী মূর্তি নবনির্মাণ ও স্থাপনা কমিটির উদ্যোগে স্থাপিত ২৮ ফুট উচ্চতার ব্রোঞ্জের মূর্তি নির্মাণ করেছেন বিশিষ্ট ভাস্কর্য শিল্পী অরুণ যোগিরাজ ।

অন্যদিকে মুখ্যমন্ত্রী আজ ঘুংগুর বাইপাস পয়েন্টে স্বাধীনতা সংগ্রামী শহীদ মঙ্গল পান্ডের পূর্ণদৈর্ঘ্যের প্রতিমূর্তি উন্মোচন করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে **মুখ্যমন্ত্রী বলেন -**

**----** **বাইট**

শহীদ মঙ্গল পান্ডের ১০ ফুট উচ্চতার ব্রোঞ্জের মূর্তি নির্মাণ করেন কলকাতার ভাস্কর্য শিল্পী চন্দ্রশেখর দাস ।

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ দুপুরে উধারবন্দের কাঁচাকান্তি মন্দির দর্শন করা সহ কাঁচাকান্তি বিদ্যামন্দিরের মুক্তমঞ্চের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।রাজ্য সরকারের ২০২৫-২৬ বর্ষের আনটাইড তহবিলের অধীনে ১ কোটি টাকা ব্যয়ে এই মুক্তমঞ্চ নির্মাণ করা হবে ।

---

দুদিনের বরাক উপত্যকা সফরের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । মূখ্যমন্ত্রী আগামীকাল সকাল ১০টায় শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের আঞ্চলিক পঞ্চায়েত হাইস্কুলের খেলার মাঠে নির্মিত অস্থায়ী হেলিপ্যাডে অবতরন করে পাথারকান্দি মন্ডল বি জে পি কার্যালয়ের উদ্বোধন করবেন । মূখ্যমন্ত্রী পাথারকান্দি মুন্ডমালায় মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে প্রায় ১৬ হাজার মহিলা হিতাধিকারীর হাতে চেক তুলে দেবেন । এরপর মূখ্যমন্ত্রী হেলিকপ্টারে করে শিলচর ফিরে আসবেন ।

এদিকে মূখ্যমন্ত্রীর আগামীকালের শ্রীভূমি জেলা সফর উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে ৮ নম্বর জাতীয় সড়কে ট্রাক ও ভারী বানিজ্যিক যান চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলা ক্রীড়া বিভাগের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগীতায় আয়োজিত তিন দিনের জাতীয় ক্রীড়া দিবসের অনুষ্ঠানের আজ সমাপ্তি হয়েছে । এ উপলক্ষ্যে আজ একটি সাইকেল র‍্যালী ও ওপেন দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । সকাল ৭টায় আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে সাইকেল র‍্যালী বের হয়ে জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে শেষ হয় এবং ওপেন দাবা প্রতিযোগীতায় জেলার বিভিন্ন প্রান্তের প্রতিযোগীরা অংশগ্রহন করেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জাতীয় ক্রীড়া দিবস পালনের অঙ্গ হিসেবে আজ তৃতীয় তথা শেষ দিন একটি সাইকেল র‍্যালীর আয়োজন করা হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন শহরের বাটা পয়েন্ট থেকে র‍্যালীর সূচনা করেন এবং পরে র‍্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে । র‍্যালীতে সিনিয়র পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন । সাইকেল র‍্যালী সম্পর্কে জেলা আয়ুক্ত শ্রী জৈন জানান যে -----

---

ধলাই-র মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের চর্তুথ কোয়াটার ফাইনালে লোকনাথপুর এফ সি ৩-২ গোলে জামালপুর এফ সি-কে টাইব্রেকারে পরাজিত করেছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের প্রথম সেমি-ফাইনাল খেলায় ব্রাইট স্টার ক্লাব রাজনগর ও ইন্ডিয়ান এফ সি-র মধ্যে অনুষ্ঠিত হবে । প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামী ৭ই সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে বলে ক্লাব সভাপতি সীতাংশু দাস জানিয়েছেন ।

---

প্রতিবেশী রাজ্য নাগাল্যান্ডের একটি সেটেলাইট চ্যানেলের সাংবাদিক দীপ শইকিয়া গতকাল বিকেলে মণিপুর থেকে সংবাদ সংগ্রহ করে আসার সময় দুষ্কৃতকারীদের আক্রমনের শিকার হয়েছেন । মনিপুরের সেনাপতি জেলায় আয়োজিত ফুল উৎসবের সংবাদ সংগ্রহ করে ফেরার পথে সাংবাদিকের উপর গুলি চালানো হয়েছে । যোরহাট জেলার মরিয়ানীর বাসিন্দা দীপ শইকিয়ার উপর আক্রমনের ঘটনায় রাজ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে ।

---